# ২২তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০

**22nd YOUNG ARTIST ART EXHIBITION 2020**

সৃজনশীল বাংলাদেশ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

Bangladesh Shilpakala Academy

## নীতিমালা

### এক

**নভেম্বর ২০২০-এ অনুষ্ঠেয় ২১ দিনব্যাপী ২২তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনীতে যে সকল বিষয়ের শিল্পকর্ম স্থান পাবে**

| | | |
|---|---|---|
| ১. | চিত্রকলা | পেন্সিল, চারকোল, প্যাস্টেল, জলরং, তেলরং, এক্রেলিক ইত্যাদি। |
| ২. | ছাপচিত্র | উডকাট, উড এনগ্রেভিং, লিথোগ্রাফি, এচিং, একুয়াটিন্ট, ড্রাইপয়েন্ট, এচিং-একুয়াটিন্ট, লিনোকাট, কলোগ্রাফ ইত্যাদি। |
| ৩. | ভাস্কর্য | রিলিফ অথবা ফ্রিস্টেন্ডিং, মাধ্যম- কাঠ, পাথর, মাটি, ধাতু, সিমেন্ট, প্লাস্টার অব প্যারিস, ঝালাই ইত্যাদি। |
| ৪. | প্রাচ্যকলা | ওয়াশ, গোয়াঁশ, টেম্পোরা, ক্যালিগ্রাফি, ফ্রেসকো (ভেজা ও শুষ্ক) ইত্যাদি। |
| ৫. | কারুশিল্প | উড কার্ভিং, ট্যাপেস্ট্রি, সিল্ক স্ক্রিন প্রিন্ট, বাটিক, টাইডাই, মেটাল শীট (পাতিনা), মিক্সড মিডিয়া ইত্যাদি। |
| ৬. | মৃৎশিল্প | টেরাকোটা ফলক, মৃৎ পাত্র, মৃত ভাস্কর্য, টাইলস পেইন্টিং (ম্যুরাল), মোজাইক টাইলস, স্টুডিও পটারি ইত্যাদি। |
| ৭. | গ্রাফিক ডিজাইন | পোস্টার, প্রচ্ছদ, ইলাসট্রেশন, টাইপোগ্রাফী, ব্রান্ডিং ডিজাইন, এডভার্টাইজিং আর্ট ইত্যাদি। |
| ৮. | আলোক চিত্র | পোর্ট্রেট, ল্যান্ডস্কেপ, ডকুমেন্টরি, কনসেপচুয়্যাল ফটোগ্রাফি ইত্যাদি। |
| ৯. | স্থাপনা শিল্প | যেকোন মাধ্যম |
| ১০. | পারফরমেন্স আর্ট | শিল্পীর উপস্থিতিতে যেকোন মাধ্যম |
| ১১. | নিউ মিডিয়া আর্ট | ডিজিটাল আর্ট, থ্রিডি পেইন্টিং, গ্রাফিক মোশন, 2D and 3D Animation, ভিডিও আর্ট ইত্যাদি। |

### দুই

**প্রদর্শনীতে অংশগ্রহণের সাধারণ নিয়মাবলী**

ক. প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে প্রথম পর্যায়ে নির্বাচনের জন্য শিল্পকর্মের রঙিন আলোকচিত্র/ডিজিটাল ইমেজ জমা দিতে হবে। রঙিন আলোকচিত্র 5R সাইজের হতে হবে। (দ্বিমাত্রিক শিল্পকর্মে একটি এবং ত্রিমাত্রিক শিল্পকর্মের তিন দিক থেকে তিনটি আলোকচিত্র)

খ. ২১ থেকে ৩৫ বৎসর পর্যন্ত বাংলাদেশের সকল শিল্পী এ প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবেন। শিল্পীগণ এ প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে শিল্পকর্ম নির্বাচনের জন্য সাম্প্রতিক আঁকা অনধিক, তিনটি শিল্পকর্মের রঙিন আলোকচিত্র/ডিজিটাল ইমেজ জমা দিতে পারবেন। তবে শিল্পকলা একাডেমিতে পূর্বে অনুষ্ঠিত কোন প্রদর্শনীতে প্রদর্শিত শিল্পকর্ম গ্রহণযোগ্য হবে না।

গ. দ্বিমাত্রিক শিল্পকর্মের ক্ষেত্রে ১৫০ সে.মি. × ১৫০ সে.মি. মাপের মধ্যে শিল্পকর্ম প্রেরণ করতে হবে।

ঘ. স্থাপনা শিল্পকর্মের ক্ষেত্রে ৪৫০ সে. মি. × ৪৫০ সে. মি. × ৩০০ সে. মি. মাপের অধিক এবং ভাস্কর্যের ক্ষেত্রে ১৫০ সে. মি. × ১৫০ সে. মি. × ১২০ সে. মি. মাপের মধ্যে হবে। প্রস্তাবিত স্থাপনাশিল্পের মডেল/3D Digital Format-এ CD ও স্থাপনাশিল্পের 8R (8" × 10") আলোকচিত্র জমা দিতে হবে এবং সেই সাথে স্থাপনা শিল্পকর্মের ব্যাখ্যাসহ লিখিত বিবরণ জমা দিতে হবে। জমাকৃত লে-আউটের সাথে মূল কাজের মিল থাকতে হবে। অন্যথায় স্থাপনাশিল্পকর্ম প্রদর্শন অযোগ্য বলে বিবেচিত হবে।

ঙ. ইতোপূর্বে অন্তত ৩টি পারফরমেন্সের অভিজ্ঞতা থাকতে হবে। পূর্বে প্রদর্শিত পারফরমেন্সের ফটোগাফ/ভিডিও সিভি এর কপি জামা দিতে হবে। পৃথক কাগজে প্রস্তাবিত পারকরমেন্সের ব্যাখ্যাসহ নিম্নবর্ণিত তথ্যাদি বিস্তারিতভাবে প্রদান করতে হবে। (বিষয়, সময়, স্থান, ব্যবহৃত উপকরণ ও অংশগ্রহণকারীর সংখ্যা)

চ. প্রতিটি শিল্পকর্মের রঙিন আলোকচিত্রের পিছনে শিল্পকর্মের আখ্যা, Top (↑) চিহ্ন ও ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে। এন্ট্রিফরমে নিম্নবর্ণিত তথ্যাদি পরিষ্কারভাবে বাংলা এবং ইংরেজিতে লিখে দিতে হবে।

১. শিল্পীর পুরোনাম, যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, টেলিফোন/মোবাইল নাম্বার, ই-মেইল আইডি লিখে দিতে হবে। (বয়স প্রমাণের জন্য জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রর ফটোকপি সংযুক্ত করতে হবে।)

২. শিল্পকর্মের আখ্যা, মাধ্যম, বছর, আয়তন ও সংক্ষিপ্ত ব্যাখ্যা অন্য একটি কাগজে লিখে দিতে হবে।

৩. বিক্রির জন্য হলে শিল্পকর্মের মূল্য কথায় ও অংকে লিখতে হবে।

৪. প্রতিযোগিতার জন্য অথবা প্রতিযোগিতার জন্য নয় উল্লেখ করতে হবে।

ছ. শিল্পকর্মের রঙিন আলোকচিত্র/ডিজিটাল ইমেজ/সিডি আগামী ২০ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে অফিস চলাকালীন উপ-পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় পৌছাতে হবে। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করা হলে এমনভাবে পাঠাতে হবে যেন নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে পারে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন শিল্পকর্মের আলোকচিত্র গ্রহণযোগ্য হবে না।

জ. আলোকচিত্র/সিডির সঙ্গে শিল্পীর সংক্ষিপ্ত পরিচিতি এবং এন্ট্রিফরম অবশ্যই পূরণ করে দিতে হবে।

ঝ. শিল্পকর্ম নির্বাচন কমিটি কর্তৃক আলোকচিত্র/ডিজিটাল ইমেজ/সিডি দেখে নির্বাচন কাজ সম্পন্ন হওয়ার পর ১১ অক্টোবর ২০২০ তারিখে নির্বাচিত শিল্পকর্মের তালিকা বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালার নোটিশ বোর্ডে এবং অনলাইনে প্রকাশ করা হবে। এছাড়া শিল্পীদেরকে চিঠি/ই-মেইলের মাধ্যমেও জানানো হবে।

ঞ. নির্বাচিত মূল শিল্পকর্মটি প্রদর্শনের উপযোগী করে (শিল্পকর্ম অবশ্যই মানসম্পন্নভাবে ফ্রেম/উপস্থাপনযোগ্য করে দিতে হবে) ১২ থেকে ২২ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালার পৌছাতে হবে। তবে এ শর্ত স্থাপনাশিল্পকর্মের জন্য প্রযোজ্য হবে না।

ট. প্রদর্শনীতে বিক্রয়লব্ধ শিল্পকর্মের মূল্য থেকে বিধি অনুযায়ী শতকরা ১৫/- (পনের) টাকা হারে বাংলাদেশ শিল্পকলা একাডেমিকে কমিশন প্রদান করতে হবে।

ঠ. প্রদর্শনীর জন্য জমা দেওয়া যে কোনো শিল্পকর্মের মুদ্রণ ও পুনর্মুদ্রণের অধিকার শিল্পকলা একাডেমির থাকবে।

ড. প্রদর্শনীর জন্য জমাকৃত কোন শিল্পকর্ম ক্ষতিগ্রস্ত হলে একাডেমি তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না। তবে কোন প্রকার ক্ষতি যাতে না হয় সে বিষয়ে পূর্ণ সতর্কতা অবলম্বন করা হবে।

ঢ. ঢাকা মহানগরীর ক্ষেত্রে ১৫ দিন, অন্যান্য স্থানের ক্ষেত্রে প্রদর্শনী সমাপ্তির ২০ দিনের মধ্যে অংশগ্রহণকারী শিল্পীদেরকে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা থেকে তাদের শিল্পকর্ম নিজ দায়িত্বে ফেরত নিয়ে যেতে হবে। এই সময়সীমার পর শিল্পকর্মের কোন ক্ষতি হলে এ ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কোন দায়-দায়িত্ব থাকবে না। এছাড়া নির্দিষ্ট সময়ের মধ্যে শিল্পকর্ম ফেরত না নিলে উক্ত শিল্পকর্মের স্বত্ব বা কপিরাইট শিল্পীর নিকট থাকবে না এবং শিল্পী পরবর্তীতে শিল্পকলা একাডেমির কোন প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবে না।

## তিন

**২২তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০-এর পুরস্কারসমূহ**

প্রদর্শনীতে প্রদর্শিত সকল বিষয়ের শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য "নবীন শিল্পী চারুকলা পুরস্কার-২০২০" নামে একটি শ্রেষ্ঠ পুরস্কার প্রদান করা হবে। এই পুরস্কারের মান ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। এছাড়া অন্য সকল বিষয়ের ক্ষেত্রে একটি করে শ্রেষ্ঠ পুরস্কার প্রদান করা হবে, প্রতিটি পুরস্কারের মান ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

## চার

প্রদর্শনীর জন্য শিল্পকর্ম নির্বাচনের ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক গঠিত শিল্পকর্ম নির্বাচন কমিটি এবং পুরস্কারের ব্যাপারে বিচারকমণ্ডলী সর্বপ্রকার দায়িত্ব ও ক্ষমতাপ্রাপ্ত এবং তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## পাঁচ

প্রদর্শনীর জন্য যাঁরা শিল্পকর্ম প্রেরণ করবেন তাঁরা উপরোক্ত নীতিমালা ও প্রয়োজনবোধে পরবর্তীকালে এই নীতিমালা সংশোধন ও সম্প্রসারণ মানতে স্বীকৃত হয়েছেন বলে বিবেচিত হবে।

## ছয়

উল্লেখ্য, বর্তমান করোনা পরিস্থিতির কারণে প্রদর্শনীটি গ্যালারির পাশাপাশি বাংলাদেশ শিল্পকলা একাডেমির ওয়েবসাইটে ভার্চুয়ালি প্রদর্শিত হবে।

## সাত

প্রদর্শনী সংক্রান্ত সকল যোগাযোগ উপ-পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় করতে হবে।

ফোন : ৯৫৫০৬০২, ৯৫৬২৮৫৩, ২৯৫৫৮৩০৯
মোবাইল : ০১৫৫২৩১২৫৪২, ০১৫৫২৩১৩৭৬১
০১৯১৪৮৫৪৮১২
ই-মেইল : nationalartgallery.bsa@gmail.com
ওয়েব সাইট : www.shilpakala.gov.bd
ফেসবুক : www.facebook.com/shilpakalapage

সৃজনশীল বাংলাদেশ
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
Bangladesh Shilpakala Academy